রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২৮, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

## প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই শ্রাবণ ১৪০৩ বাং/ ২৮শে জুলাই ,১৯৯৬ ইং

এস,আর,ও, নং-১২৬-আইন/৯৬/১২৮-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ৩ এর-

(ক) উপ-বিধি (১) এ "উৎপাদিত" শব্দটির পর "বা সরবরাহযোগ্য" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (৮) এ "উৎপাদনস্থলের" শব্দটির পর "বা ব্যবসায়স্থলের" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;



মূল্য ঃ টাকা ১০.০০

(২) বিধি ৩ এর পর নিম্নরূপ নূতন বিধি "৩ক" সন্নিবেশিত হইবে, যথাঃ—

"৩ক। সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর ধার্যের জন্য মূল্য ঘোষণা।—বোর্ড, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, করযোগ্য কোন সেবা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তি কর্তৃক মূল্য সংযোজন কর ধার্যের জন্য মূল্যভিত্তি ঘোষণা প্রদানের আদেশ প্রদান ও ঘোষণার পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।";

(৩) বিধি ৯ এর—

(ক) উপ-বিধি (৪) এ 'উৎপাদনস্থল' শব্দটির পর "বা সরবরাহস্থল" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(খ) উপ-বিধি (৫) এ "উৎপাদনে" শব্দটির পর "বা ক্রয়-বিক্রয় বা মজুদকরণে" শব্দগুলি এবং "উৎপাদিতব্য" শব্দটির পর "বা ক্রয়-বিক্রয় বা মজুদযোগ্য" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(৪) বিধি ১৩ এর—

(ক) উপান্ত শিরনামার "নিবন্ধনপত্র" শব্দটির পরিবর্তে "নিবন্ধনপত্র ইত্যাদি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) "উক্ত অঙ্গনের এমন স্থানে বাঁধানো অবস্থায়" শব্দগুলির পরিবর্তে "বাঁধানো অবস্থায় এবং বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্দেশিত অন্য যে কোন আদেশ, বিজ্ঞপ্তি, পোস্টার ইত্যাদি উক্ত অঙ্গনের এমন স্থানে" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(৫) বিধি ১৫ এর—

(ক) উপ-বিধি (১) এর—

(অ) দফা (ক) এ "উৎপাদন" শব্দটির পর "বা বিক্রয়" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(আ) দফা (গ) এ " উৎপাদন" শব্দটির পর "বা সরবরাহ" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(৬) বিধি ১৬ এর—

(ক) উপান্ত শিরনামার পরিবর্তে নিম্নরূপ উপান্ত শিরনামা প্রতিস্থাপিত হইবে, যথাঃ —

"করযোগ্য পণ্যের সরবরাহ ও রপ্তানীর ক্ষেত্রে চালানপত্র প্রদান।—"

(খ) উপ-বিধি (১) এর–

(অ) "উৎপাদন স্থলে" শব্দটির পর "ব্যবসায় স্থলে" শব্দটি সন্নিবেশিত হইবে; এবং

(আ) প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথাঃ —

"তবে শর্ত থাকে যে, যান্ত্রিক নৌযান বা মোটরযান সরবরাহের ক্ষেত্রে উল্লিখিত যান রেজিষ্ট্রেশনের সময় রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের নিকট চালানপত্রের মূল অনুলিপি দাখিল করিতে হইবে।" ;

(গ) উপ-বিধি (২) এ "উৎপাদিত" শব্দটির পর "বা মজুদকৃত" শব্দগুলি "উৎপাদনস্থলের" শব্দটির পর "বা ব্যবসায় স্থলের" শব্দগুলি এবং "উৎপাদনস্থলে" শব্দটির পর "বা ব্যবসায়স্থলে" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(ঘ) উপ-বিধি (৪) বিলুপ্ত হইবে;

(৭) বিধি ১৭ এর —

(ক) উপ-বিধি (১) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথাঃ —

"তবে শর্ত থাকে যে, আইনের দ্বিতীয় তফসিলে উল্লিখিত ভূমি উন্নয়ন সংস্থা কর্তৃক উন্নয়নকৃত ভূমি বা নির্মিত এপার্টমেন্ট রেজিষ্ট্রেশনের সময় রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের নিকট চালানপত্র (মূসক-১১) ও সংশ্লিষ্ট ট্রেজারী চালানের মূল বা সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে।";

(খ) পর নিম্নরূপ নূতন বিধি ১৭ক সন্নিবেশিত হইবে, যথাঃ —

"১৭ক। ক্রেডিট নোট ও ডেবিট নোট।– (১) যে ক্ষেত্রে কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক চালানপত্র পূরন বা প্রদানের পর বা চলতি হিসাবে প্রদেয় কর সমন্বিত করার পর তাহা বাতিল করার প্রয়োজন হয়, কিংবা পণ্য সরবরাহের বা সেবা প্রদানের পর তাহা সম্পূর্ণ বা আংশিকভাবে ফেরত প্রদত্ত হয় কিংবা পণ্য সরবরাহের বা সেবা প্রদানের প্রকৃতি মৌলিকভাবে পরিবর্তিত হয় কিংবা চালানপত্রে প্রকৃত প্রদেয় করের তুলনায় অধিক কর উল্লিখিত হয়, সেইক্ষেত্রে তিনি বাতিলকৃত চালানপত্রে প্রদর্শিত কর কিংবা ফেরতপ্রদত্ত পণ্য বা সেবার বিপরীতে প্রদত্ত কর কিংবা চালানপত্রে অধিক প্রদর্শিত কর চলতি হিসাব ও প্রযোজ্য ক্ষেত্রে পরবর্তী দাখিলপত্রে সমন্বয়ের উদ্দেশ্যে চালানপত্রটি বাতিল করিয়া পণ্য বা সেবার গ্রহীতার অনুকূলে ফরম "মূসক-১২" এ একটি ক্রেডিট

নোট ইস্যু করিবেন এবং পরবর্তী কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট সার্কেল সুপারিনটেনডেন্টের নিকট উহার একটি অনুলিপি দাখিল করিবেন।

(২) যে ক্ষেত্রে কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক চালানপত্র পূরণ বা প্রদানের পর কিংবা চলতি হিসাবে প্রদেয় কর সমন্বিত করার পর কিংবা পণ্য সরবরাহ বা সেবা প্রদানের পর দেখা যায় যে, সরবরাহতব্য বা সরবরাহকৃত পণ্য অথবা প্রদেয় বা প্রদত্ত সেবার বিপরীতে প্রকৃতপক্ষে যে পরিমাণ কর প্রদেয় তাহার চাইতে কম পরিমাণ কর চালানপত্রে উল্লিখিত হইয়াছে, সেইক্ষেত্রে তিনি চালানপত্রটি বাতিল করিয়া প্রকৃত প্রদেয় করের পরিমাণ উল্লেখপূর্বক পণ্য বা সেবার গ্রহীতার অনুকূলে ফরম "মূসক-১২ক"- এ একটি ডেবিট নোট ইস্যু করিবেন এবং পরবর্তী কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট সার্কেল সুপারিনটেনডেন্টের নিকট উহার একটি অনুলিপি দাখিল করিবেন এবং একই সংগে তিনি বিষয়টি চলতি হিসাব ও প্রযোজ্য ক্ষেত্রে পরবর্তী দাখিলপত্রে সমন্বয় সাধন করিবেন।";

(৮) বিধি ১৮ এর–

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(১) নিবন্ধিত সরবরাহকারী উপকরণের সরাসরি আমদানিকারক হইলে, সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি, যাঁহাতে আমদানি পর্যায়ে প্রদত্ত মূল্য সংযোজন কর পৃথকভাবে প্রদর্শিত হইবে, রেয়াতের জন্য চালানপত্র বলিয়া গণ্য হইবে; এবং বাণিজ্যিক আমদানীকারক, যে সকল পণ্য কোন ব্যবসায়ী কর্তৃক সরবরাহের সময় করযোগ্য হয় সেই সকল ক্ষেত্রে, ফরম মূসক-১১ এ একটি চালানপত্র এবং অন্যান্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট বিল অব এন্ট্রির চিত্রলিপিসহ ফরম মূসক-১৩ এ একটি সহায়ক চালানপত্র প্রদান করিবেন।"

(খ) উপ-বিধি (২) এ "সহায়ক চালানপত্রের" পরিবর্তে "চালানপত্র বা সহায়ক চালানপত্রের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। ;

(৯) বিধি ১৯ এর–

(ক) উপ-বিধি (২) এ "উৎপাদনস্থলে" শব্দটির পর "বা ব্যবসায়স্থলে" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(খ) উপ-বিধি (৩) এ "উৎপাদনে" শব্দটির পর "বা ব্যবসায়ে বা ক্রয়-বিক্রয়ে" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(১০) বিধি ২০ এর–

(ক) উপ-বিধি (৩) এ "নিয়োজিত" শব্দটির পরিবর্তে "নিয়োজিত বা রপ্তানিতে নিয়োজিত" শব্দগুলি এবং "করযোগ্য সেবা প্রদানের স্থানে" শব্দগুলির পরিবর্তে "করযোগ্য সেবা প্রদানের স্থানে বা রপ্তানিতব্য পণ্য প্রস্তুতকরণ কিংবা উৎপাদনের স্থানে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৫) এ "বা (২)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "ও (৩)" শব্দটি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(১১) বিধি ২২ এর উপ-বিধি (১) এ "উৎপাদনস্থল" শব্দটির পর "বা ব্যবসায়স্থল" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(১২) বিধি ২৩ এর উপ-বিধি (২) এ "উৎপাদনস্থল" শব্দটির পর "বা ব্যবসায়স্থল" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(১৩) বিধি ২৪ এর–

(ক) উপ-বিধি (১) এ "পণ্য প্রস্তুতকারক বা উৎপাদক" শব্দগুলির পরিবর্তে "পণ্যের প্রস্তুতকারক বা উৎপাদক বা ব্যবসায়ী" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এ "প্রস্তুত" শব্দটির পরিবর্তে "ক্রয় বা প্রস্তুত" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(১৪) বিধি ৩৯ এর উপ-বিধি (১) এ "উৎপাদিত পণ্য বা প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল" শব্দগুলির পরিবর্তে "উৎপাদিত বা সরবরাহযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা ব্যবসায়স্থল" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(১৫) বিধি ৪১ এর উপ-বিধি (১) এ- (ক) "প্রস্তুতকৃত বা উৎপাদিত" শব্দগুলির পর "বা সরবরাহের জন্য মজুতকৃত" শব্দগুলি সন্নিবেশিত হইবে; এবং

(খ) "দূর্ঘটনা সংঘটিত হওয়ার শব্দগুলির পরিবর্তে "দূর্ঘটনার ক্ষেত্রে দূর্ঘটনা সংঘটিত হওয়ার বা অন্য কোন কারণের ক্ষেত্রে বিষয়টি অবহিত হওয়ার" প্রতিস্থাপিত হইবে;

(১৬) বিধি ৪২ এর পর নিম্নরূপ নূতন বিধি ৪৩ সংযোজিত হইবে, যথাঃ–

"৪৩। সরকারের পাওনা আদায় পদ্ধতি। — (১) ধারা ৫৬ এ উল্লিখিত ব্যবস্থা গ্রহণের পূর্বে সরকারী পাওনায় দায়বদ্ধ সংশ্লিষ্ট ব্যক্তিকে মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক অন্ততঃ দুইবার লিখিতভাবে উক্ত পাওনা পরিশোধের জন্য অবহিত করিতে হইবে। প্রতিটি পত্রে কমপক্ষে সাতদিন করিয়া সময় দিতে হইবে। তাঁহার ব্যবসায় অঙ্গন তালাবদ্ধ, স্থাবর বা অস্থাবর

সম্পত্তি ক্রোক ও বিক্রয় বা বিনা ক্রোকে বিক্রয় করিতে হইলে তাঁহাকে কমপক্ষে দুই সপ্তাহের নোটিশ প্রদান এবং সংশ্লিষ্ট ব্যক্তি চাহিলে তাঁহাকে ব্যক্তিগত শুনানির সুযোগ প্রদান ব্যতীত তাহা করা যাইবেনা।

(২) ধারা ৫৬-এ বর্ণিত মূল্য সংযোজন কর কর্মকর্তা উক্ত ধারার উপ-ধারা (১) এর দফা (খ) এ উল্লিখিত সরকারী পাওনা আদায়ের জন্য ফরম মূসক-২৮ এ নোটিশ প্রদান এবং ব্যাংক এ্যাকাউন্ট অপরিচালনযোগ্য (Freeze) করার ক্ষেত্রে ফরম মূসক-২৯ এ ওয়ারেন্ট ইস্যু করিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত মূল্য সংযোজন কর কর্মকর্তা ফরম মূসক-২৮ এ চার প্রস্থ নোটিশ প্রস্তুতপূর্বক মূল ও দ্বিতীয় কপি সরকারী পাওনায় দায়বদ্ধ ব্যক্তি বা ব্যাংক এর নিকট, তৃতীয় কপি সংশ্লিষ্ট করদাতার নিকট প্রেরণ এবং চতুর্থ কপি তাঁহার নিজ দপ্তরে সংরক্ষণ করিবেন। যাহার নিকট নোটিশের মূল ও দ্বিতীয় কপি প্রেরিত হইবে তিনি মূল কপির প্রাপ্তি স্বীকার পূর্বক দ্বিতীয় কপিতে স্বাক্ষর প্রদান করিয়া তাহা সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ফেরত প্রদান করিবেন।

(৪) ফরম মূসক-২৯ ইস্যু করার ক্ষেত্রে উপ-বিধি (৩) এর অনুরূপ পদ্ধতি অনুসরনীয় হইবে।";

(১৭) ফরম মূসক-৬ এর পরিবর্তে নিম্নরূপ নতুন ফরম মূসক-৬ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

" GOVERNMENT OF THE PEOPLES REPUBLIC OF BANGLADESH
NATIONAL BOARD OF REVENUE

VAT REGISTRATION
APPLICATION FORM

মূসক-৬

[See Rule 9(1)]

READ REGISTRATION GUIDELINES BEFORE FILLING UP APPLICATION

1. NAME OF THE FIRM:

2. A. COMPLETE BUSINESS ADDRESS:

TELEPHONE (S):
FAX NO:

B. PERMANENT ADDRESS:

TELEPHONE (S):
FAX NO:

3. TIN (IF ANY)

4. A. ACTUAL VALUE (IN TK.): LAST 12 MONTHS

FROM: TO:

DOMESTIC SALES:
IMPORT:
EXPORT:

B. EXPECTED VALUE (IN TK.): NEXT 12 MONTHS

FROM: TO:

DOMESTIC SALES:
IMPORT:
EXPORT:

5. TYPE OF ORGANIZATION:

CORPORATE / GROUP / SINGLE

NAME OF CORPORATE / GROUP:

BUSINESS ADDRESS:

6. IRC NO:
VALIDITY:
ERC NO:
VALIDITY:
EXEMPTED FROM IRC: YES | NO

7. TYPE OF ACTIVITY:
A. SUPPLIER (MFG):
B. SUPPLIER (OTHERS):
C. SERVICE:
D. IMPORT:
E. EXPORT:

8. I DECLARE THAT THE INFORMATION FURNISHED ABOVE IS TRUE.

DATE

TAXPAYER'S SIGNATURE
[NAME & DESIGNATION WITH SEAL]

TO BE FILLED UP BY VAT OFFICE

VAT REGISTRATION NO:
LOCATION CODE

TYPE OF ACTIVITY:
REMARKS

EFFECTIVE DATE OF REGISTRATION:

APPLICATION CATEGORY:
MANDATORY:
OPTIONAL:

ACTION TAKEN
APPROVED :
DISAPPROVED :

DATE

AUTHORIZED OFFICER'S SIGNATURE "

(১৮) ফরম মূসক-৮ এর পরিবর্তে নিম্নরূপ ফরম মূসক-৮ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

" গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মূসক-৮

শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর কমিশনারেট

---

# মূল্য সংযোজন কর নিবন্ধনপত্র

[বিধি ১১ দ্রষ্টব্য]

নাম :

ঠিকানা :

TIN (যদি থাকে) :

ফোন নম্বর :
ফ্যাক্স নম্বর :

আপনাকে [মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন)] এর অধীনে করদাতা হিসাবে ________________ তারিখ হইতে নিবন্ধিত করা হইয়াছে।

কাজেই আপনাকে-

সকল করযোগ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায় করিতে হইবে;

চলতি হিসাবে সমন্বয় অথবা ট্রেজারী চালানের মাধ্যমে ট্রেজারী বা অনুমোদিত ব্যাংকে অর্থ জমা প্রদানের মাধ্যমে মূল্য সংযোজন কর পরিশোধ করিতে হইবে; এবং

যে কোন মাস সম্পর্কিত মূল্য সংযোজন কর দাখিলপত্র সেই মাসের পরবর্তী মাসের বিশ তারিখের মধ্যে জমা প্রদান করিতে হইবে

আপনার করদাতা সনাক্তকরণ সংখ্যা ও এলাকা কোড নিম্নে উল্লেখ করা হইল:

| করদাতা সনাক্তকরণ সংখ্যা | এলাকা কোড |
| --- | --- |
| | |

এই সংখ্যাসমূহ আপনার দ্বারা প্রদত্ত সকল চালানপত্রে এবং মূল্য সংযোজন কর কার্যালয়ের সহিত আপনার সকল যোগাযোগের ক্ষেত্রে উল্লেখ করিতে হইবে।

আপনি [মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন)] এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধানসমূহ যথাযথভাবে পরিপালন করিতে বাধ্য থাকিবেন।

এতদ্বিষয়ে কোন ব্যাখ্যা বা তথ্যের প্রয়োজন হইলে আপনি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের সহিত অফিস চলাকালে যে কোন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

তারিখঃ

বিভাগীয় কর্মকর্তা "

(১৯) ফরম মূসক-১২ এর পরিবর্তে নিম্নরূপ ফরম মুসক-১২ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

## " ক্রেডিট নোট

[বিধি ১৭ ক দ্রষ্টব্য]

মূসক-১২

ব্যবসায় প্রতিষ্ঠানের নাম ঃ
ঠিকানা ঃ

করদাতা সনাক্তকরণ সংখ্যা ঃ
টেলিফোন নং ঃ
ফ্যাক্স নং ঃ

ক্রেতা/গ্রহীতার নাম ঃ
ঠিকানা ঃ

করদাতা সনাক্তকরণ সংখ্যা ঃ
যানবাহনের প্রকৃতি ও নম্বর ঃ

ক্রেডিট নোটের ক্রমিক সংখ্যাঃ
ক্রেডিট নোট প্রদানের তারিখঃ

| ক্রমিক সংখ্যা | চালানপত্রের ক্রমিক সংখ্যা ও তারিখ | প্রত্যার্পনকৃত পণ্য/সেবা | | | | চালানপত্রে উল্লিখিত- [ধারা ১০(১) (ক) সংশ্লিষ্ট] | | হ্রাসকৃত-বা ক্ষতিপূর্ণ [ধারা ১০(১) (ক) সংশ্লিষ্ট] | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নাম ও পরিমাণ | মোট মূল্য সকল প্রকার কর ব্যতীত | অন্যান্য করের পরিমাণ | মূল্য সংযোজন করের পরিমাণ | অন্যান্য করের পরিমাণ | মূল্য সংযোজন করের পরিমাণ | অন্যান্য করের পরিমাণ | মূল্য সংযোজন করের পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |

ক্রেডিট নোট প্রদানের কারণঃ

.........................................
বিক্রেতার স্বাক্ষর ও সীল "

(২০) ফরম মূসক-১২ এর পর নিম্নরূপ নূতন ফরম মূসক ১২ক সন্নিবেশিত হইবে, যথাঃ—

## " ডেবিট নোট

[বিধি ১৭ ক দ্রষ্টব্য]

মূসক-১২ক

ব্যবসায় প্রতিষ্ঠানের নাম :
ঠিকানা :

করদাতা সনাক্তকরণ সংখ্যা :
টেলিফোন নং :
ফ্যাক্স নং :

ক্রেতা/গ্রহীতার নাম :
ঠিকানা :

করদাতা সনাক্তকরণ সংখ্যা :
যানবাহনের প্রকৃতি ও নম্বর :
ডেবিট নোটের ক্রমিক সংখ্যাঃ
ডেবিট নোট প্রদানের তারিখঃ

| ক্রমিক সংখ্যা | চালানপত্রের ক্রমিক সংখ্যা ও তারিখ | চালানপত্রে উল্লিখিত তথ্য- | | | | কম প্রদর্শিত বা পার্থক্যজনিত- | |
|---|---|---|---|---|---|---|---|
| | | পণ্য/ সেবার নাম ও পরিমাণ | মোট মূল্য (সকল কর ব্যতীত) | অন্যান্য করের পরিমাণ | মূল্য সংযোজন করের পরিমাণ | অন্যান্য করের পরিমাণ | মূল্য সংযোজন করের পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

ডেবিট নোট প্রদানের কারণঃ

.......................
বিক্রেতার স্বাক্ষর ও সীল "

২১। ফরম মূসক-২৭ এর পর নিম্নরূপ ফরম মূসক-২৮ ও ফরম মূসক-২৯ সংযোজিত হইবে, যথাঃ–

"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট/ বিভাগ
-----------------------------------
----------------------------------- মূসক-২৮

**মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৬ এবং মূল্য সংযোজন কর বিধিমালা,১৯৯১ এর বিধি ৪৩ অনুযায়ী সরকারের পাওনা আদায়ের নোটিশ।**
(জরুরী, রেজিষ্ট্রিকৃত বাহক মারফত ও প্রাপ্তি স্বীকারযোগ্য)

নোটিশ নং তারিখ :

নথি নং তারিখ :

প্রাপকঃ -----------------------------------
-----------------------------------
-----------------------------------
-----------------------------------

যেহেতু জনাব/মেসার্স -----------------------------------------------------
ঠিকানা -----------------------------------------------------------------
এর মূল্য সংযোজন কর বা মূল্য সংযোজন কর ও সম্পূরক কর বা অন্যান্য কর ও জারিমানা বাবদ প্রদেয় টাকা -------------- (টাকা-------------) এখনও পরিশোধ করা হয় নাই, সেহেতু নিম্নস্বাক্ষরকারী মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৬ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৪৩ বলে দাবী করিতেছি যে, আপনি অবিলম্বে উক্ত খেলাপকারীকে আপনার প্রদেয় অর্থ হইতে অথবা ভবিষ্যতে কোন অর্থ প্রদেয় হওয়া মাত্র অথবা খেলাপকারীর অর্থ আপনার অধিকারে আসিবামাত্র উক্ত অংকের টাকা ------------- (টাকা------------) নিম্নস্বাক্ষরকারীকে প্রদান করিবেন। যদি উক্ত খেলাপকারীকে আপনার প্রদেয়, অথবা ভবিষ্যতে প্রদেয় হইতে পারে অথবা পরবর্তীকালে আপনার অধিকারে আসিতে পারে, খেলাপকারীর এইরূপ অর্থ উপর্যুক্ত বকেয়া রাজস্বের সমান অথবা কম হয় তাহা হইলে আপনি উক্ত সমুদয় অর্থ নিম্নস্বাক্ষরকারীকে প্রদান করিবেন।

নিম্নস্বাক্ষরকারী কর্তৃক রদ না করা পর্যন্ত এই নোটিশ বলবৎ থাকিবে।

এই নোটিশ প্রতিপালনার্থে কোন অর্থ প্রদান উক্ত খেলাপকারী জনাব / মেসার্স ---- ------------------------------------ এর কর্তৃত্বাধীনে করা হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং অর্থ প্রাপ্তির পর নিম্নস্বাক্ষরকারীর দেওয়া রশিদে যে পরিমাণ অর্থের উল্লেখ থাকিবে তাহার নিকট আপনার দায় সেই পরিমানে যথাযথভাবে শেষ হইয়া যাইবে।

যদি নিম্নস্বাক্ষরকারীর এই নোটিশ প্রাপ্তির পরেও আপনি উহা প্রতিপালন না করিয়া উক্ত খেলাপকারীরকে আপনার কোন দায় পরিশোধ করেন তাহা হইলে আপনার পরিশোধকৃত দায়ের পরিমাণ অথবা উক্ত খেলাপকারীর সরকারী রাজস্ব ও জরিমানা বাবদ দায়ের পরিমাণ, এই দুইয়ের মধ্যে যেইটি কম সেই পরিমাণে আপনি নিম্নস্বাক্ষরকারীর নিকট ব্যক্তিগতভাবে দায়বদ্ধ হইবেন।

এই নেটিশের একটি কপি খেলাপকারী জনাব/ মেসার্স ------------------------- এর নিকট প্রেরণ করা হইয়াছে।

এই নোটিশের মূল কপির প্রাপ্তি স্বীকার পূর্বক প্রতিলিপিটি নিম্নস্বাক্ষরকারীর নিকট ফেরত পাঠাইবেন ( নিম্নে দ্রষ্টব্য)।

[দপ্তরের সীলমোহর] ক্ষমতা প্রাপ্ত মূল্য সংযোজন কর কর্মকর্তা
(স্বাক্ষর ও সীল)

আমি এই নোটিশের মূলকপি বুঝিয়া পাইয়াছি।

প্রাপকের স্বাক্ষর ---------------------------------------------------।

সীলমোহর (যদি থাকে )/ ঠিকানা ------------------------------------------

তাং-------------

অনুলিপি জনাব /মেসার্স ______________________ (করদাতা) এর নিকট প্রেরণ করা হইল।

ক্ষমতা প্রাপ্ত মূল্য সংযোজন কর কর্মকর্তা
(স্বাক্ষর ও সীল) "

" গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট/ বিভাগ
-----------------------------------
-----------------------------------

মূসক-২৯

<u>সরকারী রাজস্ব আদায়ের উদ্দেশ্যে ব্যাংক এ্যাকাউন্ট অপরিচালনাযোগ্য (Freeze) করার ওয়ারেন্ট</u>

[মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ধারা ৫৬(১) (খ) ও তদধীনে প্রণীত বিধিমালার বিধি ৪৩ দ্রষ্টব্য]
(জরুরী, রেজিষ্ট্রিকৃত, বাহক মারফত ও প্রাপ্তি স্বীকারযোগ্য)

ওয়ারেন্ট নং তারিখ :

নথি নং তারিখ :

প্রাপকঃ -----------------------------------
-----------------------------------
-----------------------------------
-----------------------------------
(যে বা যে সকল ব্যাংক ওয়ারেন্ট কার্যকর করিবে তাহার যথাযথ কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা)

যেহেতু জনাব/মেসার্স -----------------------------------------------
ঠিকানা -----------------------------------------------------------------
-------------------------------------------------------------------------
এর নিকট মূসক, সম্পূরক কর অর্থদন্ড এবং জরিমানা বাবদ টাকা .....................
(কথায়) ............................................................................ টাকা পাওনা রহিয়াছে;

এবং যেহেতু উক্ত জনাব/মেসার্স ----------------------------------------------
উক্ত টাকা অদ্যাবধি পরিশোধ করেন নাই; সেহেতু এতদদ্বারা আপনাকে ক্ষমতা ও নির্দেশ দেওয়া যাইতেছে যে, আপনি আপনার .................................................. ব্যাংকে উক্ত জনাব/মেসার্স ---------------------------------- এর সকল ব্যাংক এ্যাকাউন্ট অপরিচালনাযোগ্য (Freeze) করিবেন এবং ইহার পর যদি ----------------- দিনের মধ্যে (বা সঙ্গে সঙ্গে) উক্ত টাকা পরিশোধ না করা হয়, তাহা হইলে উক্ত অপরিচালনাধীন এ্যাকাউন্টে জমাকৃত অর্থ বা বর্ণিত পাওনা আদায়ের জন্য উহার যতটুকু প্রয়োজন ততটুকু

যথাযথ খাতে সরকারী কোষাগারে জমা করিবেন এবং অত্র ওয়ারেন্ট কার্যকরী করার অব্যবহিত পরই ওয়ারেন্ট অনুযায়ী আপনি যাহা করিয়াছেন এবং যে পাওনা টাকা আদায় হইয়াছে তাহার উল্লেখ করিয়া ওয়ারেন্ট প্রত্যর্পন করিবেন।

প্রকাশ থাকে যে, এই ওয়ারেন্টের একটি অনুলিপি উক্ত জনাব/মেসার্স ------------------------------------ এর বরাবরে প্রেরণ করা হইয়াছে। আমার স্বাক্ষরে ও দপ্তরের সীলমোহরে -------- সনের ---------- মাসের ------------ তারিখে অত্র ওয়ারেন্ট জারী করা হইল।

ক্ষমতা প্রাপ্ত মূল্য সংযোজন কর কর্মকর্তা

অনুলিপি জনাব /মেসার্স __________________________________ (করদাতা),
ঠিকানা ------------------------------------------------------------------------
এর নিকট প্রেরণ করা হইল।

ক্ষমতা প্রাপ্ত মূল্যসংযোজন কর্মকর্তা "

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোঃ আব্দুল কাফী]
দ্বিতীয় সচিব
মূসক নীতি নির্ধারণ ও বাজেট

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জাতীয় রাজস্ব বোর্ড
### (মূল্য সংযোজন কর)

### প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং/ ২৮শে জুলাই, ১৯৯৬ ইং

এস,আর,ও নং–১২৭–আইন/৯৬/১২৯–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [উক্ত আইনের ধারা ৬(৪) এর সহিত পঠিতব্য] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড,চলচিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) শুল্কায়ন বিশেষ কার্যপ্রনালী বিধিমালা ১৯৯১ রহিতক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। (১) সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।–এই বিধিমালা চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) শুল্কায়ন বিশেষ কার্যপ্রণালী বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।–বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়–

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);

(খ) "কর" অর্থ আইন এর ধারা ৩-এ উল্লিখিত মূল্য সংযোজন কর এবং ধারা ৭ এ উল্লিখিত সম্পূরক শুল্ক;

(গ) "ঘোষণাপত্র" অর্থ এই বিধিমালার ফরম 'খ' তে বর্ণিত ঘোষণাপত্র।

(ঘ) "প্রবেশপত্র" অর্থ প্রেক্ষাগৃহে প্রবেশের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ফরম 'ক' তে বর্ণিত ইস্যুকৃত বা বিক্রীত টিকেট;

(ঙ) "প্রবেশ মূল্য" অর্থ প্রবেশ ফি এবং শীতাতপ নিয়ন্ত্রণ ও প্রেক্ষাগৃহের রক্ষণাবেক্ষণের জন্য আদায়কৃত চার্জসমূহের সমষ্টি;

(চ) "সুপারিনটেনডেন্ট" অর্থ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় বা সার্কেলের দায়িত্বে নিয়োজিত সুপারিনটেনডেন্ট।

৩। কর নিরূপণ পদ্ধতি।– আইনের অধীনে প্রণীত অন্য কোন বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) কর্তৃক প্রদত্ত সেবার উপর আরোপণীয় কর এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে আদায় হইবে।

৪। সম্পূরক শুল্ক আরোপের জন্য মূল্য।– প্রেক্ষাগৃহ কর্তৃক প্রদত্ত সেবার উপর সম্পূরক শুল্ক আরোপের জন্য মূল্যের ভিত্তি হইবে বিধি ২ এর দফা (ঙ) তে বর্ণিত প্রবেশ মূল্য।

৫। মূল্য সংযোজন করারোপের জন্য মূল্য।– প্রেক্ষাগৃহ কর্তৃক প্রদত্ত সেবার উপর মূল্য সংযোজন কর নিরূপনের ভিত্তি হইবে বিধি ২ এর দফা (ঙ) তে বর্ণিত প্রবেশ মূল্যের উপর প্রযোজ্য হারে সম্পূরক শুল্কসহ মূল্য।

৬। কর পরিশোধের পদ্ধতি।– মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ২২(১) এর দফা (ঘ) তে বর্ণিত ফরমে (মূসক-১৮) প্রেক্ষাগৃহের মাধ্যমে সেবা প্রদানকারী চলতি হিসাব পুস্তক সংরক্ষণ করিবেন এবং উক্ত বিধিতে বর্ণিত পদ্ধতিতে তৎকর্তৃক প্রদেয় কর পরিশোধ করিতে হইবে। প্রত্যেক মাসের জন্য তাহার সকল করদায়িতার বিবরণ সম্বলিত দাখিলপত্র পরবর্তী মাসের ২০ (বিশ) তারিখের মধ্যে সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট এর নিকট পেশ করিতে হইবে।

৭। প্রবেশ পত্র।– প্রেক্ষাগৃহে প্রদর্শিত প্রভাতী, বৈকালিক, সান্ধ্য, নৈশ এবং বিশেষ শো (Show) এর জন্য যে কোন রংয়ের কাগজে যথাক্রমে সবুজ, গোলাপী, হলুদ, নীল ও কালো রংয়ের কালিতে মুদ্রিত প্রবেশপত্র ইস্যু করিতে হইবে। প্রতিটি শো-এর প্রবেশপত্রে স্বতন্ত্র ধারাবাহিক ক্রমিক সংখ্যা থাকিবে এবং প্রবেশপত্রের ক্রম অনুসারে উহা ইস্যু করিতে হইবে। প্রতিটি প্রবেশপত্রে পারফোরেশন (Perforation) দ্বারা বিচ্ছিন্ন তিনটি অংশ থাকিবে। প্রতিটি অংশে এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম-ক তে উল্লিখিত তথ্যাবলী সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপণীয়ভাবে মুদ্রিত থাকিতে হইবে। এইরূপে পারফোরেশন (Perforation) দ্বারা বিচ্ছিন্ন প্রবেশপত্রের প্রথম অংশ রেকর্ড হিসাবে প্রেক্ষাগৃহে সংরক্ষণ করিতে হইবে এবং উহার দ্বিতীয় ও তৃতীয় অংশ সেবা গ্রহণকারী (দর্শক)-কে প্রদান করিতে হইবে।

৮। ঘোষণাপত্র দাখিল।– (১) সেবা প্রদানকারী প্রেক্ষাগৃহ চালু করার অন্যূন এক সপ্তাহ পূর্বে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম-খ তে উল্লিখিত ঘোষণাপত্র দাখিল করিবেন।

(২) উপ-বিধি (১) অনুসারে দাখিলকৃত ঘোষণাপত্রে উল্লিখিত তথ্যাবলীর যে কোন পরিবর্তনের ক্ষেত্রে উহা সংগে সংগে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয়কে অবহিত করিতে হইবে। অন্যথায় ঘোষণাপত্রে বর্ণিত তথ্যাবলী সকল সময়েই হালনাগাদ বলিয়া গণ্য হইবে।

৯। দণ্ড।– এই বিধিমালার কোন বিধান লংঘন করা হইলে লংঘনকারী ব্যক্তি পঁচিশ হাজার টাকা অথবা প্রেক্ষাগৃহের মাধ্যমে প্রদত্ত সেবার উপর প্রদেয় করের দ্বিগুণ পরিমাণ, যাহাই অধিক হয়, সেই পরিমাণ অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং উক্ত লংঘন যে প্রেক্ষাগৃহ সম্পর্কিত উহা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা যাইবে।

'ফরম—ক'

প্রবেশপত্রের নমুনা

(বিধি ২ ও ৭ দ্রষ্টব্য)

| প্রেক্ষাগৃহের নাম ও ঠিকানা | প্রেক্ষাগৃহের নাম ও ঠিকানা | প্রেক্ষাগৃহের নাম ও ঠিকানা |
|---|---|---|
| ক্রমিক .... তারিখ .... | ক্রমিক নং ..... তারিখ .... | ক্রমিক নং ... তারিখ .... |
| ... শ্রেণী ..... | শো ............ শ্রেণী ..... | শো ........ শ্রেণী ..... |
| মূল্য---------------- | প্রবেশ মূল্য---------------- | প্রবেশ মূল্য -------------- |
| পূরক শুল্ক --------------- | সম্পূরক শুল্ক --------------- | সম্পূরক শুল্ক ------------- |
| মূল্য সংযোজন কর -------- | মূল্য সংযোজন কর ---------- | মূল্য সংযোজন কর -------- |
| মোট মূল্য ---------------- | মোট মূল্য ---------------- | মোট মূল্য ---------------- |

'ফরম—খ'

ঘোষণা পত্রের নমুনা

(বিধি ২ ও ৮ দ্রষ্টব্য)

চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) এর তথ্যাবলী সম্বলিত ঘোষণাপত্র

বরাবর,
সুপারিনটেনডেন্ট
..........................................
..........................................।

১। প্রেক্ষাগৃহের নাম ঃ ..................................................................................
২। ঠিকানা ঃ ..................................................................................................
৩। নিবন্ধন নম্বর ...........................................................................................
৪। প্রেক্ষাগৃহের শ্রেণীবিন্যাস, আসন সংখ্যা, শুল্ক-কর ইত্যাদি ..............................

| শ্রেণী | আসন সংখ্যা | প্রবেশ মূল্য | সম্পূরক কর | মূল্য সংযোজন কর | মোট মূল্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ (=৩+৪+৫) |
| (ক) ............... | | | | | |
| (খ) ............... | | | | | |
| (গ) ............... | | | | | |
| (ঘ) ............... | | | | | |
| মোট | | | | | |

আমি/আমরা এই মর্মে অংগীকার করিতেছি যে, উপরি–উক্ত ঘোষণা আমার/আমাদের জানামতে সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

প্রেক্ষাগৃহ কর্তৃপক্ষের
স্বাক্ষর ও সীল।

জাতীয় রাজস্ব বোর্ডের
আদেশক্রমে,

[আহমেদ মুনিরুছ সালেহীন]
দ্বিতীয় সচিব (মূসক)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

## (মূল্য সংযোজন কর)

## প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং/ ২৮শে জুলাই, ১৯৯৬ ইং

এসআরও নং–১২৮–আইন/৯৬/১৩০–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উৎসে মূল্য সংযোজন কর আদায়, কর্তন ও সরকারী ট্রেজারীতে জমা প্রদান করার উদ্দেশ্যে নিম্নবর্ণিত শিরনামা সংখ্যা ও সেবার কোড এবং উহাদের বিপরীতে বর্ণিত সেবাসমূহ নির্ধারণ করিল, যথাঃ—

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবার নাম |
|---|---|---|
| S০৩২ | S০৩২.০০ | কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজরী ফার্ম |
| S০৩৩ | S০৩৩.০০ | ইজারাদার |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ সাইফুল ইসলাম খান ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

## (মূল্য সংযোজন কর)

## প্রজ্ঞাপন

ঢাকা ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং/ ২৮শে জুলাই, ১৯৯৬ ইং

এস,আর,ও, নং–১২৯–আইন/৯৬/১৩১–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২ এর দফা (ঙ)-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত পণ্য উৎপাদন, সেবা প্রদান ও রপ্তানী প্রতিষ্ঠানের ক্ষেত্রে কর মেয়াদ তিন মাস নির্ধারণ করিল, যথা ঃ—

(ক) ইট,

(খ) নির্মাণ সংস্থা,

(গ) শতভাগ রপ্তানীমুখী প্রতিষ্ঠান।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ সাইফুল ইসলাম খান ]
অতিরিক্ত সচিব (পদাধিকার বলে )

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### অর্থ মন্ত্রণালয়
### অভ্যন্তরীণ সম্পদ মন্ত্রণালয়
### (মূল্য সংযোজন কর)

### প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই শ্রাবণ, বাং/ ২৮শে জুলাই, ১৯৯৬ ইং

এস,আর,ও, নং–১৩০–আইন/৯৬/১৩২–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৪৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) ও তদধীনে প্রণীত বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এর section 36 এর অধীন ক্ষমতা প্রয়োগের জন্য সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ যেকোন মূল্য সংযোজন কর কর্মকর্তার উপর উক্ত Code of Criminal Procedure এর Schedule III তে বর্ণিত প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পন করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[সাইফুল ইসলাম খান]
অতিরিক্ত সচিব(পদাধিকারবলে)

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### অর্থ মন্ত্রণালয়
### অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
### (সম্পূরক শুল্ক)

### প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং/ ২৮শে জুলাই, ১৯৯৬ ইং।

এস,আর,ও নং–১৩১–আইন/৯৬/১৩৩–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৬ শে জ্যৈষ্ঠ, ১৪০১ বাং মোতাবেক ৯ই জুন, ১৯৯৪ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং XVII-আইন/৯৪/৯৭–মূসক রহিত ক্রমে নিম্নবর্ণিত টেবিলের কলাম

(১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা সমূহ (Heading No.) এবং উহদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড সমূহ (H.S. Code) এর অধীন এবং উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত বাংলাদেশে সরবরাহকৃত পণ্য সমূহকে উহাদের উপর মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর তৃতীয় তফসিলে বর্ণিত আরোপণীয় সম্পূরক শুল্ক যেই পরিমাণে উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত হয়, সেই পরিমাণ সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ–

টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) | সম্পূরক শুল্কহার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২৪.০২ | ২৪০২.২০.০০ | তামাকের তৈরী সিগারেট | |
| | | প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয় মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকার শর্তে)– | |
| | | (১) দুই টাকা উনপঞ্চাশ পয়সা পর্যন্ত | ৩০ |
| | | (২) দুই টাকা পঞ্চাশ পয়সা হইতে চার টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৫০ |
| | | (৩) পাঁচ টাকা হইতে উনিশ টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৫১ |
| | | (৪) কুড়ি টাকা এবং ততোধিক | ৫৩ |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস | ৯৩.২৪ |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[সাইফুল ইসলাম খান]
অতিরিক্ত সচিব(পদাধিকারবলে)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং/২৮শে জুলাই, ১৯৯৬ ইং**

**এস,আর,ও, নং–১৩২–আইন/৯৬/১৩৪–মূসক।**– মূল্য সংযোজন কর আইন, ৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা(১) এ প্রদত্ত ক্ষমতাবলে রকার নিম্নবর্ণিত টেবিল এর কলাম (১) এবং (২) এ উল্লেখিত Customs Act, 1969 IV of 1969) এর First Schedule-এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ (Heading Nos.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H.S. Codes) এর আওতাধীন উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহ ব্যতীত সকল পণ্যসমূহকে, ব্যবসায়ী কর্তৃক উহাদের সরবরাহের ক্ষেত্রে, উহাদের উপর আরোপযোগ্য সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ-

**টেবিল**

| শিরনামা সংখ্যা (Heading No) | সামাঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩৯.২২ | সংশ্লিষ্ট এইচ এস কোড | বাথটাব ও জিকুজি (স্পা) |
| ৬৮.০২ | | |
| ৬৯.১০ | | |
| ৭৩.২০ | | |
| ৭৪.১৮ | | |
| ৭৬.১৫ | | |
| ৬৮.০২ | সংশ্লিষ্ট এইচ এস কোড | টাইলস্ |
| ৬৮.১০ | | |
| ৬৮.১১ | | |
| ৬৮.১৫ | | |
| ৬৯.০২ | | |
| ৬৯.০৪ | | |
| ৬৯.০৭ | | |
| ৬৯.০৮ | | |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ৮৪.১৫ | সংশ্লিষ্ট এইচ এস কোড | এয়ার কন্ডিশনার |
| ৮৫.১৬ | সংশ্লিষ্ট এইচ এস কোড | গিজার |
| ৮৫.১৬ | ৮৫১৬.৫০.০০ | মাইক্রোওয়েভ ওভেন |
| ৮৫.১৯ | সংশ্লিষ্ট এইচ এস কোড | কম্প্যাক্ট ডিস্ক প্লেয়ার, মিউজিক সিস্টেম |
| ৮৫.২৭ | সংশ্লিষ্ট এইচ এস কোড | স্যাটেলাইট রিসিভার ও ডিশ এন্টিনা |
| ৮৭.০৩ | সংশ্লিষ্ট এইচ এস কোড | মোটর কার, ষ্টেশন ওয়াগন, জীপ, মাইক্রোবাস |
| ৯৪.০৫ | ৯৪০৫.১০ | ঝাড়বাতি |
| ৯৭.০৬ | ৯৭০৬.০০ | এন্টিক্স |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[সাইফুল ইসলাম খান]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## অর্থ মন্ত্রণালয়
## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং/ ২৮শে জুলাই, ১৯৯৬ ইং**

**এস,আর,ও নং–১৩৩–আইন/৯৬/১৩৫–মূসক**।–মূল্য সংযোজন কর আইন, ৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার –

(ক) অত্র বিভাগের নিম্নবর্ণিত প্রজ্ঞাপনগুলি রহিত করিল, যথা :–

(১) এস,আর,ও নং ১০২-আইন/৯৩/৬৪-মূসক/ তারিখঃ ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ ইং;

(২) এস,আর,ও নং ১০৬-আইন/৯৩/৬৬-মূসক/ তারিখঃ ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ ইং;

